

৩ মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র

তিন মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র (প্রবর্তনঃ ২০০৪ খ্রিঃ)

মূল্যমানঃ ১,০০,০০০ টাকা; ২,০০,০০০ টাকা; ৫,০০,০০০ ও ১০,০০,০০০ টাকা।

কোথায় পাওয়া যায়ঃ জাতীয় সঞ্চয় ব্যুরো, বাংলাদেশ ব্যাংক শাখাসমূহ বাণিজ্যিক ব্যাংকসমূহ এবং ডাকঘর থেকে ক্রয় ও নগদায়ন করা যায়।

মেয়াদঃ ৩ (তিন) বছর।

মুনাফার হারঃ

সঞ্চয় স্কিমের নাম	ক্রয় সীমা	মেয়াদ (উত্তীর্ণ হলে)	সকল সঞ্চয় স্কিমে ক্রমপঞ্জীভূত বিনিয়োগ					
			১ হতে ১৫ লক্ষ টাকা পর্যন্ত		১৫ লক্ষ ১ হতে ৩০ লক্ষ টাকা পর্যন্ত		৩০ লক্ষ ১ টাকা হতে তদূর্ধ্ব	
			মুনাফার হার (%)	মুনাফার পরিমাণ (প্রতি এক লক্ষ টাকায়)	মুনাফার হার (%)	মুনাফার পরিমাণ (প্রতি এক লক্ষ টাকায়)	মুনাফার হার (%)	মুনাফার পরিমাণ (প্রতি এক লক্ষ টাকায়)
৩-মাস অন্তর মুনাফা ভিত্তিক সঞ্চয়পত্র	একক নামে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) লক্ষ অথবা যুগ্ম-নামে সর্বোচ্চ ৬০ (ষাট) লক্ষ টাকা।	১ম বছরান্তে	১০.০০	ত্রৈমাসিক: ২৫০০	৯.০৬	ত্রৈমাসিক: ২২৬৫	৮.১৫	ত্রৈমাসিক: ২০৩৭.৫
		২য় বছরান্তে	১০.৫০	ত্রৈমাসিক: ২৬২৫	৯.৫১	ত্রৈমাসিক: ২৩৭৭.৫	৮.৫৬	ত্রৈমাসিক: ২১৪০
		৩য় বছরান্তে	১১.০৪	ত্রৈমাসিক: ২৭৬০	১০.০০	ত্রৈমাসিক: ২৫০০	৯.০০	ত্রৈমাসিক: ২২৫০

*মেয়াদপূর্তির পূর্বে নগদায়ন করলে উপরোক্ত ছকে উল্লেখিত হারে মুনাফা প্রাপ্য হবে এবং অতিরিক্ত অর্থ পরিশোধিত হয়ে থাকলে তা মূল টাকা হতে কর্তন করে সমন্বয়পূর্বক অবশিষ্ট মূল টাকা পরিশোধ করা হবে।

উৎসে করঃ ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র, ৩-মাস অন্তর মুনাফা ভিত্তিক সঞ্চয়পত্র ও পরিবার সঞ্চয়পত্রে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত সর্বমোট বিনিয়োগের ক্ষেত্রে মুনাফার উপর ৫% হারে এবং এর অধিক বিনিয়োগের ক্ষেত্রে মুনাফার উপর ১০% হারে উৎসে কর কর্তন করা হয়।

যারা ক্রয় করতে পারবেনঃ সকল শ্রেণি ও পেশার বাংলাদেশী নাগরিক এবং অটিস্টিকদের জন্য শিক্ষা প্রতিষ্ঠান/ অন্য যে কোন অটিস্টিক সহযোগি প্রতিষ্ঠান (যাদের সঞ্চয়পত্রের মুনাফা অটিস্টিকদের সহায়তায় অবশ্যই ব্যবহার করতে হবে) যা সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রত্যয়নকৃত।

ক্রয়ের উর্ধ্বসীমাঃ একক নামে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) লক্ষ অথবা যুগ্ম-নামে সর্বোচ্চ ৬০ (ষাট) লক্ষ টাকা।

অন্যান্য সুবিধাঃ

(ক) ত্রৈমাসিকভিত্তিতে মুনাফা প্রদেয়।

(খ) নমিনী নিয়োগ করা যায়।

(গ) সঞ্চয়পত্রের ক্ষেত্রের মৃত্যুর পর নমিনী সাথে সাথেই সঞ্চয়পত্র নগদায়ন করে টাকা উত্তোলন করতে পারেন অথবা পূর্ণ মেয়াদ পর্যন্ত যথারীতি প্রতি তিন (৩)মাস অন্তর মুনাফা উত্তোলন করতে পারেন।